

**শাস্তি প্রদানের ক্ষেত্রে  
{ধারা-৭(২) অনুযায়ী}**

**এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের রেকর্ডের জন্য আদেশনামা**

জনাব/ বেগম.....,এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের  
কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, .....,  
জেলা..... -এর আদালত।

মোবাইল কোর্ট মামলা নম্বর-..... তারিখ: ..... সন .....

রাষ্ট্র বনাম (অভিযুক্তের নাম).....

আদেশের ক্রমিক নম্বর	তারি খ	আদেশ	স্বাক্ষর
১।		<p>অদ্য..... তারিখ..... ঘটিকার সময়..... জেলার..... উপজেলাধীন ..... স্থানে মোবাইল কোর্ট পরিচালনাকালে জনাব-----, স্যানিটারি ইন্সপেক্টর, ..... উপজেলা, জেলা-..... জনাব<sup>১</sup>..... ... পিতা..... .. বয়স .....পেশা..... ঠিকানা (পূর্ণাঙ্গ)..... ..... . এর বিরুদ্ধে বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশ, ১৯৫৯-এর ৬(১) ধারার অভিযোগ লিখিতভাবে দায়ের করেছেন। অভিযোগটি দেখলাম।  (সংক্ষেপে অপরাধের বর্ণনা) উদাহরণস্বরূপ :-</p>	

<sup>১</sup> অভিযুক্ত ব্যক্তির নাম

ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এই যে, জনাব-----  
----, মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলার আরিচা  
বাজারস্থ ..... হোটেলে নোংরা পরিবেশে পঁচা  
বাসি খাবার বিক্রি করছেন।

উপস্থিত উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর উক্ত  
হোটেলের খাবার পরীক্ষা করে উহা পঁচা ও বাসি  
হওয়ায় এবং হোটেলের পরিবেশ নোংরা থাকায়  
হোটেলের মালিক/ ম্যানেজার হিসাবে তার/ তাদের  
বিরুদ্ধে বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশ, ১৯৫৯ এর ৬(১)  
ধারায় অভিযোগটি দায়ের করেন।

আমার সম্মুখে অপরাধ উদ্ঘাটিত হওয়ায়  
(অভিযুক্তের নাম) এর বিরুদ্ধে বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশ,  
১৯৫৯-এর ৬(১) ধারায় অপরাধ আমলে গ্রহণ  
করলাম।

আলামত হিসাবে পঁচা এবং বাসি খাবার ঘটনাস্থলে  
উপস্থিত ২ জন সাক্ষীর সম্মুখে জব্দ করে আলাদা  
কাগজে জব্দ তালিকা প্রস্তুত করা হল।

অভিযোগ গঠনের প্রাথমিক উপাদান বিদ্যমান  
থাকায় বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশ, ১৯৫৯-এর ৬(১)  
ধারায় ..... -এর বিরুদ্ধে অভিযোগ গঠন করা  
হল। গঠিত অভিযোগ তাকে পড়ে ও ব্যাখ্যা করে  
শোনানো হয় এবং তিনি অভিযোগ স্বীকার করেন কিনা  
জানতে চাওয়া হয়। জবাবে অভিযুক্ত ব্যক্তি স্বেচ্ছায়  
দোষ স্বীকার করেন।

অভিযুক্ত ব্যক্তির স্বীকারোক্তি উপস্থিত সাক্ষী (১)  
জনাব----- এবং (২) জনাব-----  
----- - এর সম্মুখে তাদের স্বাক্ষর/ টিপসই এবং  
অভিযুক্ত ব্যক্তির স্বাক্ষরসহ আলাদা কাগজে লিপিবদ্ধ  
করা হল।

এই আদালতের সম্মুখে গঠিত অভিযোগ অভিযুক্ত  
ব্যক্তি সজ্ঞানে এবং বিনা প্ররোচনায় স্বীকার করায়  
তাকে মোবাইল কোর্ট আইন, ২০০৯ - এর ৭(২) ধারার  
বিধানমতে দোষী সাব্যস্ত করে বিশুদ্ধ খাদ্য অধ্যাদেশ,

	<p>১৯৫৯-এর ৬(১) ধারার অপরাধের জন্য ১৫ (পনের) দিনের বিনাপ্রম কারাদণ্ড/ ১৫০/- ( একশত পঞ্চাশ) টাকা অর্থদণ্ড প্রদান করা হল; অর্থদণ্ড অনাদায়ে ৫ (পাঁচ) দিনের বিনাপ্রম কারাদণ্ড প্রদান করা হল। সাজা পরোয়ানামূলে অভিযুক্ত ব্যক্তিকে জেল হাজতে প্রেরণ করা হোক।</p> <p>আলামত আমার সম্মুখে ধ্বংস করা হোক। (আলামত সংরক্ষণযোগ্য হলে নমুনা সংরক্ষণ করতে প্রসিকিউটিং এজেন্সিকে নির্দেশ দেওয়া হল)। মামলার নথি সংরক্ষণ করা হোক।</p> <p>(সিলমোহর) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও তারিখ</p>	
--	--	--